





আবহাওয়া ভিত্তিক কৃষি বিষয়ক বুলেটিন
জেলা: বান্দরবান

	
	
<p>কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্প কম্পোনেন্ট সি-বিডব্লিউসিএসআরপি কৃষি সম্প্রসারণ অধিদপ্তর</p>	
	
তারিখ : (০৪ আগস্ট, ২০১৯) বুলেটিন নং ৬৫	০৪ আগস্ট হতে ০৮ আগস্ট, ২০১৯ পর্যন্ত কৃষি আবহাওয়া বিষয়ক বুলেটিন

গত ৪ দিনের আবহাওয়া পরিস্থিতি ৩১ জুলাই হতে ০৩ আগস্ট, ২০১৯ তারিখ পর্যন্ত

আবহাওয়ার স্থিতিমাপ (প্যারামিটার)	৩১ জুলাই	০১ আগস্ট	০২ আগস্ট	০৩ আগস্ট	সীমা
বৃষ্টিপাত (মি.মি)	০.০	০.০	৬.০	৩.০	০.০-৬.০ (৯.০)
সর্বোচ্চ তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড)	৩২.০	৩২.০	৩২.০	৩২.৩	৩২.০-৩২.৩
সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড)	২৫.২	২৬.১	২৬.২	২৬.০	২৫.২-২৬.২
আপেক্ষিক আর্দ্রতা (শতকরা)	৬৯.০-৯১.০	৬৯.০-৯৬.০	৭৪.০-৯৫.০	৮১.০-৯৭.০	৬৯.০-৯৭.০
বাতাসের গতিবেগ (কিমি/ ঘন্টা)	১৩.০	১৩.০	১১.১	৩.৫	৩.৫-১৩.০
মেঘের পরিমাণ (অঙ্ক)	৪	৬	৬	৫	৪-৬
বাতাসের দিক	দক্ষিণ/দক্ষিণ-পশ্চিম	দক্ষিণ/দক্ষিণ-পশ্চিম	দক্ষিণ/দক্ষিণ-পশ্চিম	দক্ষিণ/দক্ষিণ-পশ্চিম	দক্ষিণ/দক্ষিণ-পশ্চিম

বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর হতে প্রাপ্ত আগামী ০৫ দিনের আবহাওয়া পূর্বাভাস
(০৪ আগস্ট হতে ০৮ আগস্ট, ২০১৯) তারিখ পর্যন্ত

আবহাওয়ার স্থিতিমাপ (প্যারামিটার)	সীমা
বৃষ্টিপাত (মি.মি)	৬.৭-৬৮.৪ (১৪১.৫)
সর্বোচ্চ তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড)	২৭.৮-৩১.০
সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড)	২৪.৪-২৫.৭
আপেক্ষিক আর্দ্রতা (শতকরা)	৮৭.০-৯৮.০
বাতাসের গতিবেগ (কিমি/ ঘন্টা)	৩.১-৮.৩
মেঘের পরিমাণ (অঙ্ক)	মেঘাচ্ছন্ন আকাশ
বাতাসের দিক	দক্ষিণ/দক্ষিণ-পশ্চিম

দন্ডায়মান ফসলের স্তর

ফসল	স্তর
আমন ধান	বীজতলা/চারারোপণ পর্যায়
আউশ ধান	কুশি পর্যায়
পাট	পরিপক্ক/কর্তন পর্যায়
সবজি	বাড়ন্ত/ফল পর্যায়

কৃষি আবহাওয়া পরামর্শ:

দন্ডায়মান ফসল, গবাদি পশু, হাঁসমুরগী ও মাছের ওপর বন্যার ক্ষতিকর প্রভাব কমিয়ে আনতে নিম্নলিখিত পরামর্শসমূহ দেওয়া হলো:

১. উঁচু জমিতে সম্মিলিতভাবে বীজতলা তৈরি করতে হবে। চারার জন্য স্থানীয় জাত নির্বাচন করতে হবে। আগষ্টের প্রথম সপ্তাহের মধ্যে এই চারা রোপণ করতে হবে।
২. মূল জমির পানি নেমে গেলে চারা রোপণ করতে হবে। জমির অতিরিক্ত পানি নিষ্কাশন করতে হবে। যত দূর সম্ভব স্বল্প মেয়াদী জাত (ব্রি ধান-৩৩, ব্রি ধান-৩৯, ব্রি ধান-৬২, ব্রি ধান-৬৬, ব্রি ধান-৭১, ব্রি ধান-৭৫) কিংবা মধ্য মেয়াদী জাত (বিআর -২৫, ব্রি ধান-৩৪, ব্রি ধান-৩৭, ব্রি ধান-৩৮, ব্রি ধান-৪৯, ব্রি ধান-৫২, ব্রি ধান-৭০, ব্রি ধান-৭২, ব্রি ধান-৭৯, ব্রি ধান-৮০) এর বীজ নিয়ে বীজতলায় চারা তৈরি করতে পরামর্শ দেয়া হলো।
৩. আলোক অসংবেদনশীল এবং স্বল্পমেয়াদী জাত (বিনা ধান-০৭, বিনা ধান-১৬, বিনা ধান-১৭) সরাসরি বপনের পরামর্শ দেয়া হলো।
৪. পুনরায় বন্যা পরিস্থিতি ও ভারী বৃষ্টি থেকে থেকে উত্তরণের জন্য জলমগ্নতা সহিষ্ণু জাতের ধান নির্বাচন করতে হবে (ব্রি ধান-৫১, ব্রি ধান-৫২, ব্রি ধান-৭৯, বিনা ধান-১১, বিনা ধান-১২)।
৫. পাটের জন্য জলাবদ্ধতা ক্ষতিকর, ভারী বৃষ্টির সম্ভাবনা থাকায় জমিতে পানি জমে থাকলে নিষ্কাশনের ব্যবস্থা করতে হবে।
৬. সবজির জমি থেকে পানি নিষ্কাশনের ব্যবস্থা করতে হবে।
৭. বন্যার পানি সরে যাওয়ার পর বৃষ্টিপাতের পর আগাম শীতকালীন সবজির চাষ শুরু করুন।
৮. গবাদি পশুকে পচে যাওয়া ঘাস খাওয়ানো থেকে বিরত থাকুন। সবুজ ঘাস এবং ভিটামিন ও খনিজ লবন সমৃদ্ধ খাবার দিতে হবে।
৯. বিভিন্ন রোগ থেকে রক্ষার জন্য গবাদি পশুকে টিকা দিন।
১০. গবাদি পশুকে উঁচু জায়গায় রাখুন।
১১. গবাদি পশুর জন্য পর্যাপ্ত পরিমাণে পরিষ্কার ও বিশুদ্ধ খাবার পানির ব্যবস্থা রাখুন।
১২. বন্যার পানি প্রবাহিত হচ্ছে এমন জায়গা থেকে গবাদি পশুকে দূরে রাখুন।
১৩. বন্যার কর্দমাক্ত পানির কারণে পুকুরে অক্সিজেনের স্বল্পতা দেখা দিতে পারে, তাই বাঁশ দিয়ে পুকুরের পানি নেড়ে দিতে হবে।
১৪. পরিবর্তিত আবহাওয়াতে হাঁস-মুরগীর ভাইরাস জনিত রোগ দেখা দিতে পারে। সেজন্য বিশুদ্ধ খাবার পানির পর্যাপ্ত ব্যবস্থা এবং খামার পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে। হাঁস- মুরগীকে খনিজসমৃদ্ধ খাবার দিতে হবে।

